দৈনিক ইত্তেফাক

তারিখ 30 JUL 1995
পৃষ্ঠা ১৫ কলাম ২

25

## আজ কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ ছাত্র-ছাত্রীদের ৯-দফা দাবী আদায়ের লক্ষ্যে কৃষি বিশ্ববিদ্যালয়ের হল ছাত্র সংসদের নেতৃবৃন্দ আজ (রবিবার) কৃষি বিশ্ববিদ্যালয়ে পূর্ণ দিবস ছাত্র ধর্মঘট আহ্বান করিয়াছেন। ফাইনাল পরীক্ষা ধর্মঘটের আওতা বহির্ভূত থাকিবে। অপর দিকে গত ২৪শে জুলাই রাতে ভাইস চ্যান্সেলরের বাসভবনে ভাংচুরের প্রতিবাদে কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আজ রবিবার ক্যাম্পাসে পূর্ণ দিবস কর্ম বিরতির আহ্বান জানাইয়াছে। গণতান্ত্রিক শিক্ষক ফোরাম এক বিবৃতিতে ভিসি'র বাসায় ভাংচুরের ঘটনার নিন্দা করিয়াছে।